দৈনিক
ইত্তেফাক

তারিখ ..10 SEP 2016......
পৃষ্ঠা ...১৯... কলাম.....৬.....

# সেই অধ্যক্ষ সাময়িক বরখাস্ত

■ বাবুগঞ্জ (বরিশাল) সংবাদদাতা

বরিশালের বাবুগঞ্জ উপজেলার মাধবপাশা চন্দ্রদ্বীপ স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির ছাত্র নয়ন শীল অর্থ সংকটের কারণে প্রাক-নির্বাচনী পরীক্ষার ফি দিতে না পারায় অধ্যক্ষ মারধর করে পরীক্ষার হল থেকে বের করে দেয়। এ ঘটনায় লজ্জায়, অভিমানে গলায় ফাঁস দিয়ে সে আত্মহত্যার চেষ্টা করে। উপজেলা নির্বাহী অফিসার ওই শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি ও শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে ঘটনার সত্যতা পাওয়া গেছে।

গত বুধবার গভর্নিং বডির জরুরি বিশেষ সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষার্থী ও শিক্ষকদের বক্তব্যে কমিটি ঘটনার সত্যতা পায়। ওই সভায় মাধবপাশা চন্দ্রদ্বীপ স্কুল এন্ড কলেজের অধ্যক্ষকে সাময়িক বরখাস্ত করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

এ ঘটনাটি নিশ্চিত করে গভর্নিং বডির সভাপতি আনোয়ার হোসেন মন্টু তালুকদার জানান—জরুরি বৈঠকে অধ্যক্ষ প্রণব কুমার বেপারীকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বরখাস্তের পাশাপাশি ওই আদেশে কেন তাকে স্থায়ীভাবে বরখাস্ত করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে। আগামী ১৮ সেপ্টেম্বরের মধ্যে জবাব চাওয়া হয়েছে।